

**চট্টগ্রাম ভার্শিটিতে ২৬৭৯  
আসনের বিপরীতে ফরম বিক্রি  
হয়েছে ৪৬ হাজার ১৪৬টি**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সংবাদদাতা ৥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৩১টি বিভাগ ও ২টি ইনস্টিটিউটের ২ হাজার ৬৭৯টি আসনের জন্য এবার ৪৬ হাজার ১৪৬ জন পরীক্ষার্থী ভর্তি হতে পড়বে। এটি আসনে প্রতিদ্বন্দ্বী প্রায় ১৮ জন। সর্বমুখ্য প্রতিযোগিতা হবে আইন অনুষদে। আইন অনুষদের ১৮ আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বী হয়েছে ৫ হাজার ৫৭০ জন।

২৪ ফেব্রুয়ারী ভর্তি ফরম বিক্রির শেষে অস্থায়ী ব্যাংকের ৪টি শাখা থেকে মোট ৪৬ হাজার ১৪৬টি ফরম বিক্রি হয়। 'ক' ইউনিট ডিভিশন সার্বশ্রেণী ৪ হাজার ৫২১টি ফরম বিক্রি হয়। এই ইউনিটে ভর্তির সুযোগ পাবে ৬৯১ জন। 'খ' ইউনিটে ফরম বিক্রি হয়েছে ৭ হাজার ৯০১টি। এ ইউনিটে ভর্তি হতে পারবে ৮০৫ জন। 'গ' ইউনিটে ৪৪২ আসনের বিপরীতে ফরম বিক্রি হয়েছে ১১ হাজার ৭১১টি। 'ঘ' ইউনিটে ৪৮৯ আসনের জন্য ফরম বিক্রি হয়েছে ৭ হাজার ২৫৪টি। 'ঙ' ইউনিটের ১৮ আসনের জন্য প্রার্থী ৫ হাজার ৫৭০ জন। বন ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটের ৬০ আসনের জন্য ফরম বিক্রি হয়েছে ১ হাজার ৪০১টি এবং সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউটের ৫০ আসনের বিপরীতে ফরম বিক্রি হয়েছে ৭২৬টি। ১০ মার্চ বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা শুরু হবে, ১৯শে মার্চ পর্যন্ত চলবে।